

ফাতওয়া নম্বার: ৩৬০

প্রকাশকাল: ২৯-০৩-২০২৩ ইং

ফ্যাক্টরি কর্তৃপক্ষ জামাআতের সাথে নামায পড়ার সুযোগ না দিলে করণীয় কী?

প্রশ্ন:

আমি একটি ফ্যাক্টরিতে কাজ করি। কাজ চলাকালে মসজিদে জামাআতের সাথে নামায পড়ার জন্য অপারেটর ভাইয়ের কাছে অনুমতি চাইলে, ভাই বলেন, তুমি ফ্লোরের পাশেই নামায পড়ে নাও। কোনো সময় সুযোগ পেলে মসজিদে যাই, বেশির ভাগ সময় জামাআতে নামায পড়তে পারি না। আমি এখন কী করতে পারি? আমি কি এই চাকরিটা ছেড়ে দেবো?

-আদিল

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আপনার এবং আপনার অধীনস্থদের যদি জীবিকা নির্বাহের ভিন্ন ব্যবস্থা থাকে অথবা জীবিকা নির্বাহের জন্য এমন কোনও বিকল্প ব্যবসা বা চাকরির ব্যবস্থা করতে পারেন, যেখানে আপনি নামাযগুলো জামাআতের সঙ্গে আদায় করতে পারবেন, তাহলে এই চাকরি ছেড়ে দিতে পারেন। পক্ষান্তরে জীবিকা নির্বাহের ব্যবস্থা নিশ্চিত না করে, এই চাকরি ছাড়া ঠিক হবে না। সে ক্ষেত্রে চাকরি চালিয়ে যান এবং পাশাপাশি জামাআতের সঙ্গে নামায আদায়ের মতো ভালো বিকল্পের জন্য দোয়া এবং চেষ্টা অব্যাহত রাখুন। নামাযের সুযোগ দেওয়ার জন্য কর্তৃপক্ষকেও বুঝানোর চেষ্টা করুন।-রদ্দুল মুহতার: ১/৫৫৬, ৬/৭০ দারুল ফিকর,

বৈরুত; কাশশাফুল কিনা' : ১/৪৯৬ আলামুল কুতুব; ফাতাওয়া
মাহমুদিয়া: ৬/৪১৪ জামিয়া ফারুকিয়া করাচি; আল-ইসলাম সুওয়াল
ওয়া জওয়াব, ফাতওয়া নং: ৭২৮৯৫

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)



১৭-৭-৪৪

০৯-২-২৩